গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
**কৃষি মন্ত্রণালয়**
**প্রশাসন-২ অধিশাখা**
www.moa.gov.bd

কোটেশন নম্বর : ১২.০০.০০০০.০২০.০৭.০৩০/৪.২৫.১৫২৮ তারিখ : ১০/১২/২০২৫ খ্রি.

# নোটিশ

**বিষয়: কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/অনুবিভাগ/অধিশাখা/শাখার দাপ্তরিক কাজে ব্যবহারে জন্য আসবাবপত্র সামগ্রী (প্যাকেজ: জিআর-১০, লট-৪) ক্রয়ের লক্ষ্যে Request for Quotation (RFQ) পদ্ধতিতে মালামাল ক্রয়ের বিজ্ঞপ্তি।**

১। 'কোটেশন দলিল' ব্যবহার করিয়া কোটেশন প্রস্তুত ও দাখিল করিতে হইবে।

২। দরপত্র দাখিলের নিমিত্ত কোটেশন দলিল বিনামূলে নিম্নস্বাক্ষরকারী হতে সংগ্রহপূর্বক যথাযথভাবে পূরণ সাপেক্ষে সিলমোহরকৃত খাম, ফ্যাক্স বা ইলেকট্রনিক মেইলের মাধ্যমে **১৫/১২/২০২৫** তারিখে বেলা **১০.০০** ঘটিকায় বা উহার পূর্বে নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে কোটেশন দাখিল করিতে হইবে। কোটেশন দাখিল "কৃষি মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তর/অনুবিভাগ/অধিশাখা/শাখার দাপ্তরিক কাজে ব্যবহারে জন্য আসবাবপত্র সামগ্রী (প্যাকেজ: জিআর-১০, লট-৪) ক্রয়" এর জন্য কোটেশন এবং ঐদিনেই **১৫/১২/২০২৫** তারিখে **বেলা ১১.০০** ঘটিকায় এর পূর্বে খোলা যাইবে না" লিখিয়া অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করিতে হইবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হইবে না।

৩। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০২৫ এর বিধি ৯২ (৪) এর উদ্দেশ্য পূরণকল্পে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হইতে দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা যথাযথভাবে কারণ লিপিবদ্ধ করিয়া যুক্তিসংগতভাবে অনধিক ১০ (দশ) দিন বৃদ্ধি করিতে পারিবে।

৪। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা যাইবে না।

৫। দরপত্রদাতার চুক্তি করিবার আইনগত সক্ষমতা থাকিতে হইবে। দরপত্রদাতার যোগ্যতার প্রমাণস্বরূপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বরের সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক হইতে আর্থিক স্বচ্ছলতার সনদ দাখিল করিতে হইবে। এইগুলি ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলিয়া বিবেচিত হইতে পারে।

৬। মূল্যায়ন কমিটি কোটেশনের সহিত দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করিবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩ (তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হইবে।

৭। উদ্ধৃত একক দর ও মূল্যের মধ্যে অসংগতি থাকিলে একক দর প্রাধান্য পাইবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসংগতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর প্রাধান্য পাইবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণীত গাণিতিক সংশোধন গ্রহণে দরপত্রদাতা বাধ্য থাকিবে।

৮। ক্রয় আদেশ জারির তারিখ হইতে **১৫** দিনের মধ্যে পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করিতে হইবে।

৯। ক্রয়াদেশ, যাহা সরবরাহকারী ও ক্রয়কারীকে অবশ্যপালনীয় চুক্তিতে আবদ্ধ করে, অনুমোদনকারী কর্তৃপক্ষের অনুমোদন প্রাপ্তির ০৩ (তিন) দিনের মধ্যে চুক্তি সম্পাদন করিতে হবে।

১০। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্যক্রম বাতিলের অধিকার সংরক্ষণ করিবে।

১০/১২/২৫

ড. মো: হাতেম আলী
উপসচিব
(প্রশাসন- ২ অধিশাখা)
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ফোন নম্বর: ০২-৫৫১০০১২৬
E-mail: admin2@ moa.gov.bd

বিতরণ :

১. কৃষি মন্ত্রণালয়ের নোটিশ বোর্ড।
২. বাংলাদেশ সচিবালয়ের সকল গেইট।
৩. কৃষি মন্ত্রণালয়ের ওয়েবসাইট।
৪. অফিস কপি/মাস্টার ফাইল।